

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
দক্ষিণ এশিয়া অনুবিভাগ
ঢাকা

নং-এসএ/ভারত/৬১০/১২৪৪

২৩ অক্টোবর ২০১৬

প্রেরক : মির্জা নওরিদ শারমিন
সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : মো: ওয়ালিউর রহমান
পরিচালক (দক্ষিণ এশিয়া-২)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


বিষয় : আগামী ২৬ অক্টোবর ২০১৬ তারিখে ভারতের গোহাটি, আসামে অনুষ্ঠিতব্য- “CUTS International”-কর্তৃক আয়োজিত বাংলাদেশ-ভারত বর্ডার হাট সম্পর্কিত আলোচনা সভায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে অংশগ্রহণের জন্য জনাব মো: ওয়ালিউর রহমান, পরিচালক (দক্ষিণ এশিয়া-২), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা এর অনুকূলে সরকারী অনুমোদন প্রসঙ্গে।

মহোদয়,

আগামী ২৬ অক্টোবর ২০১৬ তারিখে ভারতের গোহাটি, আসামে অনুষ্ঠিতব্য- “CUTS International”-কর্তৃক আয়োজিত বাংলাদেশ-ভারত বর্ডার হাট সম্পর্কিত আলোচনা সভায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে অংশগ্রহণের জন্য জনাব মো: ওয়ালিউর রহমান, পরিচালক (দক্ষিণ এশিয়া-২), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা এর অনুকূলে সরকারী অনুমোদন জ্ঞাপন।

- ০২। উল্লেখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ
- ক জনাব মো: ওয়ালিউর রহমান ২৫ অক্টোবর ২০১৬ তারিখ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং ২৭ অক্টোবর ২০১৬ বা তার নিকটবর্তী সময়ে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।
- খ) ভ্রমণকালীন সময়ে তিনি মন্ত্রণালয়ে কর্মরত আছেন বলে গণ্য হবে এবং তিনি বেতন ভাতার অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- গ) তিনি ভ্রমণ সংক্রান্ত যাতায়াতের জন্য বিমান ভাড়া/পরিবহন ভাতা এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন; এতদুদ্দেশ্যে ভ্রমণ সংক্রান্ত ব্যয় মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট খাত হতে মেটানো হবে।
- ঘ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময়ে তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না।
- ০৩। রাষ্ট্রীয় প্রয়োজনে ও জনস্বার্থে এই ভ্রমণে যথাযথ কর্তৃপক্ষের সম্মতি রয়েছে।

আপনার একান্ত,


23.10.16


মির্জা নওরিদ শারমিন
সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)

নং-এসএ/ভারত/৬১০/১২৪৪

২৩ অক্টোবর ২০১৬

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ২। মহা পরিচালক (প্রশাসন/দক্ষিণ এশিয়া) পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুন বাগিচা, ঢাকা।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। সহকারী সচিব (সাধারণ সেবা/তহবিল/বাজেট), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


23.10.16

মির্জা নওরিদ শারমিন
সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)